

পরিকল্প নং - ৩১৬

## দেনমোহর বীমা (মুনাফাসহ)

মূলত : একটি মুক্ত সঞ্চয়ী বীমা পরিকল্প। জনপ্রিয় ও বর্তমানে সর্বাধিক প্রচলিত এ বীমাবৃত্তের অকাল মৃত্যুতে কিংবা নির্দিষ্ট মেয়াদ শেষে কাজিত অর্থ প্রাপ্তি নিশ্চিত করে। মহান আল্লাহ্ কর্তৃক নির্দেশিত মুসলমানদের ফরজ কার্যাবলীর মধ্যে বিবাহ করানো একটি অন্যতম ফরজ কাজ। আল্লাহ তাআলার হুকুম হচ্ছে, “বিবাহ বন্ধনে আবদ্ধের সময় পুরুষরা যেন স্ত্রীদের হক আদায় করেন অর্থাৎ দেনমোহর বা মোহরানার টাকা পরিশোধ করেন” বিবাহকালে সাধারণত : পিতা বা অভিভাবক আল্লাহ তালার হুকুম অনুযায়ী দেনমোহরের টাকা নগদ পরিশোধের বদলে লিপিবদ্ধ করান; যদিও দেনমোহরের টাকা উসূল করা অবশ্যই পালনীয়। কিন্তু বর্তমান মুসলিম সমাজে দেনমোহরের টাকা বেশীরভাগ ক্ষেত্রেই অপরিশোধিত থেকে যায়। দেনমোহরের টাকা পরিশোধ না করা পর্যন্ত কেবল বিবাহকারী নয় মুক্কাবীগণও এ কবীরা গুণাহ থেকে পরিত্রাণ পাবেন না। প্রগতি লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড স্ত্রীদের হক আদায় তথা দেনমোহরের টাকা পরিশোধের ব্যবস্থা নিশ্চিত করার মাধ্যমে বিবাহকারী ও মুক্কাবীগণকে কবীরা গুণাহ থেকে পরিত্রাণ লাভের সুযোগ প্রদানের জন্য প্রণয়ন করেছে দেনমোহর বীমা পরিকল্প। বীমাবৃত্তের জীবদ্দশায় নির্ধারিত মেয়াদ শেষে বীমা অংক মুদাআবা পদ্ধতিতে অর্জিত মুনাফাসহ বীমাবৃত্তকে প্রদান করা হবে যা তাঁর স্ত্রীর দেনমোহরের জন্য সহায়ক হবে। এ বীমার মনোনীতক হতে পারবেন কেবলমাত্র বীমাবৃত্তের স্ত্রী। বীমাবৃত্তের অকাল মৃত্যুতে (আল্লাহ না করুন) মৃত্যুদিন পর্যন্ত অর্জিত মুনাফাসহ তার স্ত্রী তথা মনোনীতককে প্রদান করা হবে; যা দিয়ে মনোনীতক বীমাবৃত্তের অবর্তমানে সন্তান-সন্ততিদের আর্থিক কষ্ট থেকে মুক্ত রাখার ব্যবস্থা করতে পারেন। তবে অবিবাহিত ব্যক্তিগণ ভবিষ্যতে বিবাহের পর স্ত্রীকে মনোনীতক নিয়োগ করবেন এ শর্তে বীমা স্বার্থে আছে এরূপ যে কাউকে মনোনীতক নিয়োগ করে এ বীমা পরিকল্প গ্রহণ করতে পারেন। এ বীমার সাথে সহযোগী / তাবারক্ক বীমা হিসাবে এডিবি, পিডিএবি নেয়া যাবে।